জেলা পরিষদ কার্যালয়
হবিগঞ্জ।
www.zphabiganj.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৬০.৩৬০০.০০১.১১.০০১.২৩.৪৮৩ তারিখঃ- ২৮/১২/২০২৩ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় জেলা পরিষদ শাখা, ঢাকা এর স্মারক নং: ৪৬.০৪২.০১১.০২.০০.০০২.১৪.১৮৯৪ তারিখ : ১০/০৯/২০২৩ খ্রিঃ এর ছাড়পত্র মোতাবেক হবিগঞ্জ জেলা পরিষদে নিম্নবর্ণিত ০২ (দুই) টি শূন্য পদে ২০১৫ সনের জাতীয় বেতন স্কেল অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরকার কর্তৃক নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর | ০২ | ৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল - ২০১৫ গ্রেড-১৬) | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। (খ) কম্পিউটার MS Office এ কাজ করার দক্ষতা থাকতে হবে। (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজীতে ৪০ শব্দ এবং বাংলায় ৩০ শব্দ। |

শর্তাবলীঃ

০১। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০২। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১(এক) পাতার চাকরী আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম জেলা পরিষদ, হবিগঞ্জের ওয়েবসাইট (**www.zphabiganj.gov.bd**) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (**www.mopa.gov.bd**) ও (**www.forms.gov.bd**) এ পাওয়া যাবে।

০৩। প্রার্থীর আবেদন পত্রে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ থাকতে হবে ঃ

(ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) প্রার্থীর বয়স ৩১/০১/২০২৪ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) মোবাইল নম্বর (ট) কোটা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে)

০৪। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাঙ্কিত সীলসহ) সকল পরীক্ষার সনদ এর ফটোকপি।

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি ছবি।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।

(ঘ) প্রার্থীর নিজ এলাকার পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ পত্র।

(চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক কম্পিউটার প্রশিক্ষণের সত্যায়িত সনদপত্র।

(ছ) আবেদনপত্রের সাথে ২০০/- টাকা মূল্যের ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে।

(জ) যোগাযোগের ঠিকানাসহ লিখিত ফেরত খাম ৯.৫০˝ X ৪.৫০˝ সাইজের এবং ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত করতে হবে।

০৫। খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক সরকার কর্তৃক চাকুরীর নির্ধারিত আবেদন ফরম প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ বরাবর আগামী-৩১-০১-২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৬। (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে চাকুরী প্রার্থীকে তাদের পিতা/মাতা/পিতার পিতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধার সার্টিফিকেট, যা যথাযথ ভাবে উপযুক্ত কর্তৃপক্ষ (মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা) কর্তৃক সত্যায়িত ও মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। এরূপ সনদ ব্যতীত অন্য কোন সনদ মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য বা মুক্তিযোদ্ধা কোটা হিসেবে বিবেচিত হবে না।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্রের কন্যা এই মর্মে এবং মুক্তিযোদ্ধার সঙ্গে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক সার্টিফিকেট থাকতে হবে।

(গ) চাকুরীতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে এবং উক্ত পুলিশ ভেরিফিকেশন ফরমে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার সম্পর্কিত একটি ঘর/কলাম সংযোজন করতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের তথ্য ও সার্টিফিকেটের তথ্য গড়মিল পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিষয়ে তদন্ত করে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

০৭। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/মহিলা/আনসার-ভিডিপি/এতিম/প্রতিবন্ধী/উপজাতি কোটাসহ সরকার নির্ধারিত সকল কোটা সংরক্ষণ করা হবে। সরকার নির্ধারিত কোটায় আবেদনকারী সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সনদপত্র থাকতে হবে।

০৮। মৌখিক পরিক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে এবং ০১ সেট ফটোকপি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়নকৃত দাখিল করতে হবে।

০৯। উপজাতীদের ক্ষেত্রে জেলা প্রশাসক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উপজাতি সনদপত্র এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ দপ্তর/বিভাগ/সংস্থা প্রধানের সনদপত্র থাকতে হবে।

১০। চাকুরীর শর্তাবলী বেতন/ভাতা/অন্যান্য সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০(সংশোধিত-২০২২) এবং স্থানীয় সরকার (জেলা পরিষদ কর্মকর্তা/কর্মচারী) চাকুরী বিধিমালা-১৯৯০ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে নিয়োগ সংক্রান্ত গঠিত বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। চাকুরীরত প্রার্থীদের তাদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে অত্রাফিসে দাখিল করতে হবে। কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

১৩। চাকুরীতে যোগদানের পূর্বে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে ফিটনেস সার্টিফিকেট দাখিল করতে হবে। কোন তথ্য গোপন করলে/ভুল তথ্য প্রদান করলে/পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। আবেদনপত্র সমূহ বাছাইয়ের পর সঠিক পাওয়া গেলে প্রার্থীকে নির্বাচনী পরীক্ষার জন্য বিবেচনা করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনপ্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৫। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত/নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এবিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬। জেলা পরিষদ নিয়োগ কর্তৃপক্ষ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বা যে কোন/সকল আবেদনপত্র বাতিল করতে পারবেন অথবা এবিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষন করেন।।

১৭। নিয়োগ সংক্রান্ত তথ্যাদি জেলা পরিষদ এর ওয়েব সাইট **www.zphabiganj.gov.bd** থেকে জানা যাবে।

(নূরুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, হবিগঞ্জ
ফোন-০২৯৯৬-৬০৫৯১১
zphabiganj@gmail.com

স্মারক নং- ৪৬.৬০.৩৬০০.০০১.১১.০০১.২৩.৪৮৩ তারিখঃ- ২৮/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ- সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৬। চেয়ারম্যান, জেলা পরিষদ, হবিগঞ্জ।
০৭। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ------------------------------------------------ (সকল)।
০৯। সিভিল সার্জন, হবিগঞ্জ।
১০। নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ।
১১। মেয়র ................................................ পৌরসভা, (সকল) হবিগঞ্জ।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ------------------------------------------------ (সকল) হবিগঞ্জ।
১৩। উপজেলা নির্বাহী অফিসার ------------------------------------------------ (সকল) হবিগঞ্জ।
১৪। সদস্য, জেলা পরিষদ,---------------------------------------------------- (সকল) হবিগঞ্জ।
১৫। জেলা হিসাব রক্ষণ অফিসার, হবিগঞ্জ।
১৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, হবিগঞ্জ।
১৭। হিসাব রক্ষক, জেলা পরিষদ, হবিগঞ্জ।
১৮। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ঢাকা, The Dialy New Nation, ঢাকা, দৈনিক খোয়াই, হবিগঞ্জ। সল্প পরিসরে ভিতরের পাতায় বিজ্ঞাপনটি ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৯। অফিস কপি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, হবিগঞ্জ